ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-৩৭০</u>

আগরতলা,২৫ এপ্রিল, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''বিলম্বিত হচ্ছে অপারেশন জিবিতে চরম অব্যবস্থা বিপাকে রোগী, ঘুমে সরকার'' এই শিরোনামে আজ ২৫ এপ্রিল, ২০২৫ দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জি.বি.পি. হাসপাতাল কর্তৃপক্ষের নজরে এসেছে।

এই সংবাদের পরিপ্রেক্ষিতে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জি.বি.পি. হাসপাতাল পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জি.বি.পি. হাসপাতাল থেকে মেজর অস্ত্রোপচারের বিভাগ ভিত্তিক পরিসংখ্যান অনুযায়ী সার্জিকেল ডিপার্টমেন্টে গত জানুয়ারি থেকে ১২ এপ্রিল, ২০২৫ পর্যন্ত মোট ৮৪৬টি (জানুয়ারি-১৪৭টি, ফেব্রুয়ারি-২৬৪টি, মার্চ-২৮৭টি এবং এপ্রিল-১৪৮টি) অস্ত্রোপচার করা হয়েছে। ই.এন.টি. ডিপার্টমেন্টে গত জানুয়ারি থেকে ১২ এপ্রিল, ২০২৫ পর্যন্ত মোট ২৮৭টি (জানুয়ারি-৮৩টি, ফেব্রুয়ারি-১০৭টি, মার্চ-৮৬টি এবং এপ্রিল-১১টি) অস্ত্রোপচার করা হয়েছে। অর্থোপেডিক ডিপার্টমেন্টে গত জানুয়ারি থেকে ১২ এপ্রিল, ২০২৫ পর্যন্ত মোট ৩৩৯টি (জানুয়ারি-১১১টি, ফেব্রুয়ারি-৫৩টি, মার্চ-১৩৯টি এবং এপ্রিল ৩৬টি) অস্ত্রোপচার করা হয়েছে। নিউরোসার্জারি ডিপার্টমেন্টে গত জানুয়ারি থেকে ১২ এপ্রিল, ২০২৫ পর্যন্ত মোট ৮৮টি (জানুয়ারি-২৭টি, ফেব্রুয়ারি-৪৭টি, মার্চ-৮টি এবং এপ্রিল ৬টি) অস্ত্রোপচার করা হয়েছে। এছাড়াও মাইনর অস্ত্রোপচারের ক্ষেত্রে ই.এন.টি. ডিপার্টমেন্টে গত জানুয়ারি থেকে ১২ এপ্রিল, ২০২৫ পর্যন্ত মোট ২২৮টি (জানুয়ারি-৫৫টি, ফেব্রুয়ারি-৯২টি, মার্চ-৭২টি এবং এপ্রিল-৯টি) মাইনর অস্ত্রোপচার করা হয়েছে। অর্থোপেডিক ডিপার্টমেন্টে গত জানুয়ারি থেকে ১২ এপ্রিল, ২০২৫ পর্যন্ত মোট ২,০৩৫টি (জানুয়ারি-৮০৭টি, ফেব্রুয়ারি-৪৭৬টি, মার্চ-৬৫৪টি এবং এপ্রিল-৯৮টি) মাইনর অস্ত্রোপচার করা হয়েছে। তাছাড়া সার্জারি ডিপার্টমেন্টে জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত মোট ১,৪২৫টি (জানুয়ারি-৫৬৯টি, ফেব্রুয়ারি-৪২১টি, মার্চ-৪৩৫টি) মাইনর অস্ত্রোপচার করা হয়েছে। নিউরোসার্জারি ডিপার্টমেন্টে গত মার্চ থেকে ১২ এপ্রিল, ২০২৫ পর্যন্ত মোট ৭টি (মার্চ-৬টি এবং এপ্রিল-১টি) মাইনর অস্ত্রোপচার করা হয়েছে।

২-এর পাতায়

এছাড়াও আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জি.বি.পি. হাসপাতালে কার্ডিও-থোরাসিক অ্যান্ড ভাসকুলার সার্জারি (সি.টি.ভি.এস.) আই.আর. ডিপার্টমেন্টে গত জানুয়ারি থেকে ২৩ এপ্রিল, ২০২৫ পর্যন্ত মোট ১,২৪৯টি (জানুয়ারি-২৯৬টি, ফেব্রুয়ারি-৩৫১টি, মার্চ-৩৫৩টি এবং এপ্রিল-২৪৯টি) ইকোকার্ডিওগ্রাফি করা হয়েছে। গত জানুয়ারি থেকে ২৩ এপ্রিল, ২০২৫ পর্যন্ত মোট ১৯৪টি (জানুয়ারি-৫০টি, ফেব্রুয়ারি-৪৫টি, মার্চ-৫১টি এবং এপ্রিল-৪৮টি) ই.সি.জি. করা হয়েছে। গত জানুয়ারি থেকে ২৩ এপ্রিল, ২০২৫ পর্যন্ত মেডিসিন বিভাগে মোট ১৯৫টি (জানুয়ারি-৫২টি, ফেব্রুয়ারি-৩৮টি, মার্চ-৬৬টি এবং এপ্রিল-৩৯টি) ইকোকার্ডিওগ্রাফি করা হয়েছে। আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জি.বি.পি. হাসপাতালের পক্ষ থেকে জানানো হয়েছে, রাজ্যের স্বাস্থ্য পরিষেবার মানোন্নয়নে রাজ্য সরকার বদ্ধপরিকর। রাজ্য সরকারের আন্তরিক সদিচ্ছায় সুপার স্পেশালিটি সার্ভিস আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জি.বি.পি. হাসপাতালে প্রদানের ব্যবস্থা সম্ভবপর হয়েছে। আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জি.বি.পি. হাসপাতালে ইতিমধ্যেই ৯টি সুপার স্পেশালিটি পরিষেবা (কার্ডিওলজি, সি.টি.ভি.এস., নেফ্রোলজি, ইউরোলজি, প্লাস্টিক সার্জারি, নিউরো সার্জারি, জি.আই. সার্জারি, নিউরোলজি এবং গ্যাস্ট্রোএন্টারোলজি) চালু রয়েছে।

কার্ডিও-থোরাসিক অ্যান্ড ভাসকুলার সার্জারি (সি.টি.ভি.এস.) বিভাগ চালু হয়েছে। একই সাথে নতুনভাবে সংস্কার করা শিশু ওয়ার্ড ও পি.আই.সি.ইউ. এবং জেরিয়াট্রিক ওয়ার্ড সম্প্রসারিত করা হয়েছে। তাছাড়া ডায়ালিসিস ইউনিট এবং মহিলা মেডিসিন ওয়ার্ড-২ এর উদ্বোধন করা হয়েছে। তাছাড়া আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জি.বি.পি. হাসপাতালের শয্যা সংখ্যা ৭২৭ থেকে প্রায় দ্বিগুণ বাড়িয়ে ১,৪১৩ করা হয়েছে। আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জি.বি.পি. হাসপাতালে কিডনি রোগীদের ও.পি.ডি. ও সুপার স্পেশালিটি ব্লক এবং কিডনি প্রতিস্থাপন চালু হয়েছে। এর অঙ্গ হিসাবে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ থেকে চিকিৎসক কাউন্সিলার এবং নার্সিং অফিসারদের প্রশিক্ষণ দিয়ে নিয়ে আসা হয়েছে। পাশাপাশি জি.বি.পি. হাসপাতালে লিভার সহ অন্যান্য অঙ্গ প্রতিস্থাপন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এদিকে ৩২ জন সিনিয়র রেসিডেন্ট (S.R.)-কে বিভিন্ন বিষয়ে সহকারী অধ্যাপক হিসাবে নিয়োগ করা হয়েছে, ৬ জন সহকারী অধ্যাপককে বিভিন্ন বিষয়ে সহযোগী অধ্যাপক হিসাবে নিয়োগ করা হয়েছে।

*****